গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
ঢাকা মহানগর কার্যালয়
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও, ঢাকা ১২০৭
www.doe.gov.bd

## পরিবেশগত ছাড়পত্র

ছাড়পত্র নং: ২৪-১২২৭৮০

পরিবেশগত ব্যবস্থাপনা নিশ্চিতকরণ সাপেক্ষে সংযুক্ত শর্তে নিম্নবর্ণিত প্রতিষ্ঠান/প্রকল্পের অনুকূলে পরিবেশগত ছাড়পত্র প্রদান করা হলো :

| | | |
|---|---|---|
| প্রতিষ্ঠান/প্রকল্পের নাম | : | Fancy Narrow Fabrics Industries |
| উদ্যোক্তার নাম | : | MD. Alauddin |
| সনাক্তকরণ নং | : | ১৩৪৬৪৭ |
| প্রতিষ্ঠান/প্রকল্পের কার্যক্রম | : | গার্মেন্টস এক্সেসরিজ (ইলাস্টিক, ড্রস্ট্রিং, টেপ) |
| প্রতিষ্ঠান/প্রকল্পের শ্রেণী | : | Green |
| প্রতিষ্ঠান/প্রকল্পের ঠিকানা | : | 338/1, Uttarkhan Sarkerpara, Uttarkhan, Dhaka-1230 |
| প্রদানের তারিখ | : | ০৩/০৭/২০২৪ খ্রিঃ |
| মেয়াদ উত্তীর্ণের তারিখ | : | ০২/০৭/২০২৯ খ্রিঃ |

এ ছাড়পত্র সনদের সাথে পৃথকভাবে সংযুক্ত প্রদত্ত শর্তাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে,
অন্যথায় ছাড়পত্র বাতিল/ক্ষতিপূরণ আদায়সহ যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিঃদ্রঃ এটি একটি সিস্টেম জেনারেটেড ছাড়পত্র এবং এতে কোনোরূপ স্বাক্ষরের প্রয়োজন নেই।

<u>পরিবেশগত ছাড়পত্র জন্য প্রযোজ্য শর্তাবলী:</u>

১ . প্রতিষ্ঠানটির কোন কর্মকান্ড ও উৎপাদন প্রক্রিয়া দ্বারা কোনভাবেই পরিবেশ (মাটি, পানি ও বায়ু) দূষণ করা যাবে না।

২. কারখানাটিতে শুধু গার্মেন্টস এক্সেসরিজ (ইলাস্টিক, ড্রস্ট্রিং, টেপ) তৈরির কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৩. কারখানায় ১০০ কেভিএ বা তদুর্ধ্বে জেনারেটর স্থাপন করলে পৃথকভাবে অন-লাইনে পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন করতে হবে।

৪. Polychlorinated Bi-phynile (PCBs) যুক্ত তেল/যন্ত্রাংশ ব্যবহৃত হয় এমন জেনারেটর/সাব-স্টেশন স্থাপন/ব্যবহার করা যাবে না।

৫. প্রতিষ্ঠানের কার্যক্রম দ্বারা পরিবেশ ও প্রতিবেশের ক্ষতিসাধন করা হলে Polluters Pay Principle অনুসারে ক্ষতিপূরণ ধার্য করে ক্ষতিপূরণ আদায় করা হবে।

৬. আগামী নবায়নের সময় রাজউকের ল্যান্ড ইউজ এনওসি এ দপ্তরে দাখিল করতে হবে।

৭. প্রতিষ্ঠানের কার্যক্রম সম্প্রসারণ/স্থানান্তরের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ছাড়পত্র গ্রহণ করতে হবে।

৮. অগ্নি নির্বাপনকল্পে প্রতিষ্ঠানটিতে যথোপযুক্ত ব্যবস্থাদি যথাঃ ফায়ার এক্সটিংগুইসার, ফোমিং কম্পাউন্ডসহ ফায়ার হাইড্রেন্ট, ইমারজেন্সি লাইন স্থাপন, ভূ-গর্ভস্থ বা ভূ-উপস্থ জলাধারে সর্বদা পর্যাপ্ত পানি সংরক্ষণ ইত্যাদি ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকর রাখতে হবে। ফায়ার সার্ভিস ও নিকটস্থ হাসপাতালের নাম্বারসহ অন্যান্য সেবা দানকারী প্রতিষ্ঠানের নাম্বার সম্বলিত বোর্ড দৃশ্যমান জায়গায় রাখতে হবে।

৯. প্রতিষ্ঠানে কর্মরতদের পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে ও নিরাপত্তায় সকল ব্যবস্থা চালু রাখতে হবে। প্রতিষ্ঠানের কর্মচারীদের জন্য এ্যাপ্রোন, স্বাস্থ্য সম্মত টয়লেট ও বিশুদ্ধ পানির ব্যবস্থা করতে হবে।

১০. প্রতিষ্ঠানে পারদবিহীন বিদ্যুৎসাশ্রয়ী বাতি ব্যবহার করতে হবে। প্রতিষ্ঠানে ওজোনস্তর ক্ষয়কারী বস্তু (ODS) ব্যবহৃত হয়, এমন কোনো সরঞ্জাম ব্যবহার করা যাবে না।

১১. প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোন ধরনের পরিবেশ দূষণের অভিযোগ উত্থাপিত হলে এবং অভিযোগের বিষয়ে এ দপ্তরের তদন্তে প্রমাণিত হলে পরিবেশ অধিদপ্তরের নির্দেশনার আলোকে পরিবেশ দূষণ নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রয়োজন হলে প্রতিষ্ঠানটি স্থানান্তর করতে হবে।

১২. প্রতিষ্ঠানের পয়ঃবর্জ্য পরিশোধনের জন্য সেপটিক ট্যাংক/এসটিপি সার্বক্ষণিক কার্যকর রাখতে হবে।

১৩. প্রতিষ্ঠানের সব ধরণের বর্জ্যরে ক্ষেত্রে বিশেষতঃ কঠিন বর্জ্য ব্যবস্থাপনায়, উৎসে বর্জ্য পৃথকীকরণ করতে হবে এবং বর্জ্য হ্রাস , পুনঃব্যবহার ও পুনঃচক্রায়ন নীতিমাল তথা 3R(Reduce, Reuse, Recycle) Principles অনুসরণ করতে হবে। এছাড়া, পৃথকীকৃত বর্জ্য আবৃত অবস্থায় উপযুক্ত সময়ে নিকটস্থ সিটি কর্পোরেশনের ট্রান্সফর স্টেশন/ডাম্পিং গ্রাউন্ডে স্থানান্তর/পরিবহনের বিষয়টি উদ্যোক্তা নিজস্ব উদ্যোগ/সিটি কর্পোরেশনের সহায়তায় নিশ্চিত করবেন।

১৪. প্রতিষ্ঠানের নির্গত তরল বর্জ্য অপসারণের সময় নির্গত তরলের বিভিন্ন প্যারামিটারের মানমত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর মধ্যে রাখতে হবে। কোন অবস্থায় বিধিমালার মানমাত্রা অতিক্রম করা যাবে না।

১৫. প্রতিষ্ঠানটির কার্যক্রম চলাকালে শব্দ নিঃসরণ/নির্গমণ মাত্রা শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

১৬. এ পর্যায়ে প্রাপ্ত ও পরিবেশিত তথ্যের ভিত্তিতে এ ছাড়পত্র প্রদান করা হলো। পরবর্তীতে কোনো তথ্য অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ বা অসত্য বিংবা গোপন করা হয়েছে মর্মে প্রমাণিত হলে এ ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে।

১৭. এ ছাড়পত্র জারির তারিখ হতে পরবর্তী ০৫ (পাঁচ) বছরের জন্য বহাল থাকবে এবং মেয়াদ শেষ হবার অন্ততঃ ৩০ (ত্রিশ) দিন পূর্বে প্রাসঙ্গিক কাগজপত্রসহ অন-লাইনে নবায়নের জন্য আবেদন করতে হবে।

১৮. বর্ণিত শর্তের কোনটি ভঙ্গ করলে এ ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে এবং প্রকল্পের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহীত হবে।

১৯. বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ প্রদত্ত ক্ষমতাবলে উল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।